# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৬৬৮

পর্ব-৫: জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৫. দ্বিতীয় অনুচ্ছেদ - জানাযার সাথে চলা ও সালাতের বর্ণনা

---

### আরবী

وَعَنِ الزُّهْرِيِّ عَنْ سَالِمٍ عَنْ أَبِيهِ قَالَ: رَأَيْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَأَبَا بَكْرٍ وَعُمَرَ يَمْشُونَ أَمَامَ الْجَنَازَةِ. رَوَاهُ أَحْمَدُ وَأَبُو دَاوُدَ وَالتِّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهْ وَقَالَ التِّرْمِذِيُّ وَأَهْلُ الْحَدِيثِ كَأَنَّهُمْ يَرَوْنَهُ مُرْسَلًا

### বাংলা

১৬৬৮-[২৩] যুহরী (রহঃ) হতে বর্ণিত। তিনি বর্ণনা করেছেন সালিম (রহঃ) থেকে, তিনি তাঁর পিতা থেকে। তিনি বলেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম, আবূ বকর, ’উমার (রাঃ) কে জানাযার আগে আগে হেঁটে চলতে দেখেছি। (আহমাদ, আবূ দাঊদ, তিরমিযী, নাসায়ী ও ইবনু মাজাহ; ইমাম তিরমিযী বলেনঃ আহলুল হাদীসগণ যেন হাদীসটি মুরসাল মনে করেছেন [কিন্তু হাদীসটি সহীহ])[1]

### ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৩১৭৯, আত্ তিরমিযী ১০০৭, নাসায়ী ১৯৪৪, ইবনু মাজাহ্ ১৪৮২, ইবনু আবী শায়বাহ্ ১১২২৪, ইরওয়া ৭৩৯।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: পদব্রজে জানাযার আগে, পিছে, ডানে, বামে, সর্বদিক দিয়ে চলা বৈধ হলেও উত্তমের ব্যাপার নিয়ে ইখতিলাফ রয়েছে। একদল বলেন- জানাযার আগে চলাই উত্তম, এ হাদীস তাদের দলীল। ইবনু কুদামাহ্ বলেন, অধিকাংশ আহলে ‘ইলম এ মতেরই অনুসারী ছিলেন। আবূ বকর, ‘উমার, ‘উসমান, আবূ হুরায়রাহ্, হাসান ইবনু ‘আলী, ইবনু যুবায়র, আবূ ক্বাতাদাহ্, আবূ উসায়দ প্রমুখ সহাবা (সাহাবা) ও তাবি‘ঈ এবং ইমাম মালিক, শাফি‘ঈ থেকে এ সংক্রান্ত বর্ণনা রয়েছে। ইমাম বায়হাক্বী যিয়াদ ইবনু ক্বায়স থেকে মদীনার আনসার এবং মুহাজির সাহাবীদেরকে জানাযার সামনে চলতে দেখার প্রত্যক্ষ সাক্ষী পেশ করেছেন।

অন্য আরেকদলের বক্তব্য হলোঃ জানাযার পিছনে চলাই উত্তম। ইমাম আবূ হানীফাহ্ এবং আহলে জাহির এ

মতের অনুসারী। সাহাবী ‘আলী, ইবনু মাস‘ঊদ, আবূ দারদাহ, ‘আমর ইবনুল ‘আস (রাঃ) প্রমুখ এ বিষয়ে হাদীস বর্ণনা করেছেন। ইমাম আওযা‘ঈ এবং ইব্রা-হীম নাখ্‘ঈ এ মতেরই অনুসারী ছিলেন। এদের বলিষ্ঠ দলীল হলো এ হাদীসঃ ‘‘মুসলিমের হক হলো জানাযার ইত্তেবা করা’’। অর্থাৎ জানাযার পিছনে চলা। নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আরো বলেন, ‘‘সে (মুসলিম) যখন মারা যায় তুমি তার জানাযার অনুসরণ করো। অর্থাৎ পিছে চলো’’। সুতরাং এদের মতে পিছে চলাই উত্তম।

তৃতীয় মত হলোঃ আগে পিছে চলা উভয়-ই প্রশস্ততা রয়েছে। গমনকারী যেখান দিয়ে ইচ্ছা চলবে। ইমাম সাওরী এ মতের প্রবক্তা। ‘আবদুর রাযযাক ইবনু আবী শায়বাহ্ আনাস (রাঃ)-এর সূত্রে এ সংক্রান্ত রিওয়ায়াত উল্লেখ করেছেন। আল্লামা ‘উবায়দুল্লাহ মুবারাকপূরী (রহঃ) বলেন, ইমাম বুখারীর ঝোক এদিকেই।

চতুর্থ দলের মতেঃ পদব্রজে গমনকারীর আগে চলাই উত্তম আর আরোহীর জন্য পিছনে চলা উত্তম। ইমাম আহমাদ এ মত অবলম্বন করেছেন।

পঞ্চম মতঃ পঞ্চম মত অনেকটা চতুর্থ মতের মতই।

ষষ্ঠ মত হলোঃ জানাযার সন্নিকটে হলে আগে চলাই উত্তম অন্যথায় পিছনে চলবে। মিশকাতের ভাষ্যকার আল্লামা ‘উবায়দুল্লাহ মুবারাকপূরী (রহঃ) বলেন, আমার নিকট দ্বিতীয় মতটি গ্রহণযোগ্য।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56228

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন